



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd/)



স্মারক নং-বামাশিবো/পরী/দাখিল-আলিম-২০২১/৪৮৪

তারিখ : ০৮ ভাদ্র, ১৪২৮
২৩ আগস্ট, ২০২১

বিষয় : ২০২১ সালের দাখিল ও আলিম পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ব্যবহারিক খাতা জমাদান সংক্রান্ত নির্দেশিকা।

সূত্রঃ-জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নং-৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১২৩১, তারিখ-১২/০৮/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড ১৯ অতিমারির কারণে ২০২১ সালের দাখিল ও আলিম পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিদ্যাস করা হয়েছে। যেসব বিষয়ে ব্যবহারিক আছে সেসব বিষয়ে পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচিতে কি কি ব্যবহারিক করতে হবে তাও উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের দাখিল ও আলিম পরীক্ষার্থীদের শুধু নির্বাচিত বিষয়সমূহের পরীক্ষা অনুষ্ঠিত হবে সেহেতু সংশ্লিষ্ট নির্বাচিত বিষয়ের ব্যবহারিক খাতা (নোট বুক) জমা নেওয়া প্রয়োজন।

২০২১ সালের দাখিল পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট নির্বাচিত প্রত্যেক বিষয়ের সংক্ষিপ্ত পাঠ্যসূচিতে উল্লেখিত ব্যবহারিকের যেকোন ০২ (দুই) টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে স্ব-স্ব মাদ্রাসায় জমা দিবে। একইভাবে ২০২১ সালের আলিম পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট নির্বাচিত প্রত্যেক বিষয়/পত্রের সংক্ষিপ্ত পাঠ্যসূচিতে উল্লেখিত ব্যবহারিকের যেকোন ০২ (দুই) টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে স্ব-স্ব মাদ্রাসায় জমা দিবে।

ইতোমধ্যে যদি কোন পরীক্ষার্থী ২০২১ সালের সংক্ষিপ্ত পাঠ্যসূচির আলোকে সংশ্লিষ্ট প্রতি বিষয়/পত্রে দুটির বেশি ব্যবহারিক কার্যক্রম সম্পন্ন করে থাকে, তাহলেও পরীক্ষার্থী ঐ ব্যবহারিক খাতা/নোট বুক জমা দিতে পারবে।

২০২১ সালের দাখিল পরীক্ষার ব্যবহারিক বিষয়ের নাম :

ক্রমিক	বিষয়ের নাম	বিষয় কোড
০১.	পদার্থবিজ্ঞান	১৩০
০২.	রসায়ন	১৩১

২০২১ সালের আলিম পরীক্ষার ব্যবহারিক বিষয়/পত্রের নামঃ

ক্রমিক	বিষয়ের নাম ও পত্র	বিষয় কোড
০১.	পদার্থবিজ্ঞান ১ম পত্র	২২৪
০২.	পদার্থবিজ্ঞান ২য় পত্র	২২৫
০৩.	রসায়ন ১ম পত্র	২২৬
০৪.	রসায়ন ২য় পত্র	২২৭

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

(মোঃ কামাল উদ্দিন)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন-৫৮৬১০২০২

অধ্যক্ষ/সুপার,

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দাখিল ও আলিম পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।